পরিকল্পনা ও উন্নয়ন দপ্তর, চ.বি।
চিঠি গ্রহণ নং ৬৬৬ তারিখ: ২৫/১১/২৬
নথি নং ৪০৮৩

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd



স্মারক নং : ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২২ তারিখঃ ২৭ আশ্বিন ১৪৩৩ / ১২ অক্টোবর ২০২৬

বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২৬-২০২৭ অর্থবছরে ইউজিসি প্রমোশনাল এবং একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণাকর্মে সহায়তা প্রদানের জন্য দেশের সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে **অনলাইনে নির্ধারিত ফরমে** গবেষণা প্রকল্প প্রস্তাব আহবান করা যাচ্ছে।

গবেষণা প্রকল্পের ধরন	প্রকল্পের সর্বোচ্চ অনুদান	
	বিজ্ঞান ও প্রযুক্তি শাখা	কলা, সামাজিক বিজ্ঞান ও বিজনেস শাখা
প্রমোশনাল গবেষণা প্রকল্প	সর্বোচ্চ ৭.০০ লক্ষ টাকা	সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা
একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণা প্রকল্প	সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা	সর্বোচ্চ ৮.০০ লক্ষ টাকা

আবেদনকারীর যোগ্যতা:

প্রমোশনাল গবেষণা: পূর্ণকালীন প্রভাষক/সহকারী অধ্যাপক হতে হবে এবং স্বীকৃত ইনডেক্সড জার্নালে ন্যূনতম ২ (দুই)টি প্রবন্ধ থাকতে হবে।

একাডেমিক স্টাফ ডেভেলপমেন্ট গবেষণা: পূর্ণকালীন সহযোগী অধ্যাপক/অধ্যাপক হতে হবে এবং স্বীকৃত ইনডেক্সড জার্নালে ন্যূনতম ৫ (পাঁচ)টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে, যার মধ্যে কমপক্ষে ২ (দুই)টিতে Corresponding/Last Author হতে হবে।

আবেদনের গুরুত্বপূর্ণ শর্তাবলি :

- একজন প্রধান গবেষক একই অর্থবছরে একাধিক ক্যাটাগরিতে প্রকল্প প্রস্তাব দাখিল করতে পারবেন না;
- ইউজিসির অর্থায়নে চলমান গবেষণা প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন দাখিল না করা পর্যন্ত নতুন প্রকল্পে আবেদন করতে পারবেন না;
- আবেদন অবশ্যই বিশ্ববিদ্যালয়ের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করতে হবে;
- গবেষণা প্রকল্পের অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে কমিশন কর্তৃক প্রণীত এ সংক্রান্ত নীতিমালার সকল শর্ত ও নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;
- গবেষণা প্রকল্পের মেয়াদ ১ (এক) বছর।

আবেদনের পদ্ধতি:

(ক) প্রকল্প প্রস্তাব অবশ্যই অনলাইনে দাখিল করতে হবে। অনলাইনে দাখিল ব্যতীত কোনো প্রকল্প প্রস্তাব গ্রহণ করা হবে না;

(খ) অনলাইনে সরাসরি https://ugc-research-management.bdren.net.bd লিংক থেকে প্রকল্প প্রস্তাব দাখিল করা যাবে;

(গ) উপরোক্ত লিংক এবং প্রকল্প প্রস্তাব দাখিল-সংক্রান্ত নীতিমালার শর্তাবলি ও প্রয়োজনীয় তথ্যাদি ইউজিসি ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এ "গবেষণা প্রকল্প/ গবেষণা সহায়তা মঞ্জুরী (গবেষণা প্রকল্প)" ও "অনলাইনে আবেদন (গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিল)" বিষয়ক দুটি সেবা বক্সে পাওয়া যাবে;

(ঘ) যথাযথভাবে অনলাইনে দাখিলকৃত প্রকল্প প্রস্তাবের ২ (দুই) সেট প্রিন্ট কপি (হার্ড কপি)-যার মধ্যে গবেষক ও বিশ্ববিদ্যালয়ের নাম ও ঠিকানা ব্যতীত ১ (এক) সেট এবং গবেষক ও বিশ্ববিদ্যালয়ের নাম, ঠিকানা ও যথাযথ প্রত্যয়ন/সুপারিশসহ পূর্ণাঙ্গ ১ (এক) সেট (দুটি প্রিন্ট অপশন অনলাইনে বিদ্যমান) রেজিস্ট্রারের মাধ্যমে **পরিচালক, রিসার্চ গ্রান্টস অ্যান্ড অ্যাওয়ার্ড ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭** বরাবর আগামী ২২-১১-২০২৬ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;

(ঙ) অসম্পূর্ণ কিংবা অপূর্ণাঙ্গ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

মোঃ ওমর ফারুখ
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
রিসার্চ গ্রান্টস অ্যান্ড অ্যাওয়ার্ড ডিভিশন
ফোন- ০২-৫৮১৬০২০৮
ই- মেইল: director_research@ugc.gov.bd

স্মারক নং: ২৪৭(২১)/০৪-৮৯/২০২৬ তারিখ: ১৫/১১/২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (সিনিয়রিটির ভিত্তিতে নয়):

০১-০৯। ডিন, সকল অনুষদ, চ.বি.। - আপনার অনুষদভূক্ত সকল বিভাগ/ইনস্টিটিউট/গবেষণা কেন্দ্রে নিয়োজিত সকল শিক্ষক / গবেষকবৃন্দের মাঝে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল।

১০। রেজিস্ট্রার, চ.বি.।

১১। পরিচালক, গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর, চ.বি.।

১২। পরিচালক, আইসিটি সেল, চ.বি.। -বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

১৩। পরিচালক, আই কিউ এ সি, চ.বি।

১৪। হিসাব নিয়ামক, চ.বি.।

১৫। প্রধান প্রকৌশলী, চ.বি.।

১৬। ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক শাখা, রেজিস্ট্রার দপ্তর, চ.বি.।

১৭। ডেপুটি রেজিস্ট্রার, উচ্চশিক্ষা শাখা, রেজিস্ট্রার দপ্তর, চ.বি.।

১৮। ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চ.বি.।

১৯। ডেপুটি রেজিস্ট্রার, তথ্য ও ফটোগ্রাফী শাখা, চ.বি.।

২০। ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চ.বি.।

২১। সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর, চ.বি.।

পরিচালক (ভারপ্রাপ্ত) 15/11/2026
পরিকল্পনা ও উন্নয়ন
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।